



## সন্তানের জন্য একক এবং সর্বজনীন (AUU) ভাতা :

এটি একটি রিজার্ভ , যা INPS এর মাধ্যমে মাসিক ভাবে প্রদান করা হয়, সেইসব পরিবারদেরকে যাদের পরিবারে ২১ বছর বয়সের মধ্যে সন্তান আছে এবং এই আবেদনটি একটি নিদৃস্ট আবেদনপত্রের মাধ্যমে করা হয়; পেমেন্ট ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে বাবা-মায়ের বর্তমান ব্যাংক হিসাবে জমা হবে;

এটি পরিবারের পিতামাতার কাজের উপর এবং সমস্ত পরিবারের সার্বিক পরিস্থিতির উপর নির্ভর করে যেমন- { কাজ ছাড়া (যে কখনই কাজ করে নি ), বেকার ( আগে কাজ করত এখন কাজ নাই ), নাগরিকত্ব আয় সুবিধাভোগী ( reddito di cittadinanza ), কর্মচারী , ব্যবসায়ী এবং পেনশন প্রাপ্ত } এবং আয়ের নিদৃস্ট কোন সীমা ছাড়াই আবেদনটি করা যাবে ;

এটি ইজের (ISEE) টাকার অংকের পরিমানের উপর নির্ভর করবে ; তাছাড়া , যদি কেউ ইজে (ISEE) উপস্থিত না করতে চায় , তাহলে ইজে ( ISEE ) ছাড়াও আবেদনটি করা যাবে এবং এক্ষেত্রে প্রতি সন্তানের জন্য ন্যুন্যতম অংকের টাকা পাওয়া যাবে।

## সময় এবং যেভাবে আবেদনটি জমা দিতে হবে

## ১লা জানুয়ারি ২০২২ থেকে ইজে (ISEE) সহ অথবা ছাড়াই আবেদনটি জমা দেয়া যাবে।

বছরের যেকোন সময় আবেদনটি করা যাবে এবং যদি আপনার আবেদনটি গৃহীত হয় তাহলে পরের বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত এই সুবিধাটি পাওয়া যাবে। যেসব আবেদন বছরের ৩০শে জুনের মধ্যে করা হবে, তারা মার্চ মাস থেকে বকেয়া টাকা সহ চলতি মাসের টাকা পাবে।

## যেভাবে আবেদনটি করা যাবে:

- "Assegno unico" সার্ভিসের sito web www.inps.it এই সাইটে প্রবেশ করে আবেদন করা যাবে।
- টোল ফ্রী এই ৪০3.164 নাম্বারে ফোন করুন (লান্ড ফোন থেকে ফ্রী) অথবা 06 164.164
  এই নাম্বারে ফোন করুন (মোবাইল ফোনের মাধ্যমে, টেলিফোন কোম্পানির নির্ধারিত
  নিদৃস্ট ফী প্রদান করে);
- পৃষ্ঠপোষক সংস্থার মাধ্যমে (কাফ), বিনামূল্যে দেয়া টেলিম্যাটিক পরিষেবার মাধ্যমে আবেদন করা যাবে ।